

অবশেষে শেষ হলো “গুডলাক এন্ড গুডবাই সিডনী”র ফাইনাল শুটিং। সিডনীতে স্টুডেন্ট ভিসা নিয়ে আগত ছাত্র জীবনের উপরে সিডনীতে বসবাসরত কিছু দেশি-বিদেশী ছেলে মেয়ে নিয়ে নির্মিত নাটক গুডলাক এন্ড গুডবাই সিডনীর ফাইনাল শুটিং শেষ হলো। বাংলাদেশের টিভি চ্যানেলের উদ্দেশ্য এই নাটকটি তৈরী করা হয়েছে। প্রযোজনায় মশমুম টেলিফিল্ম এবং কাহিনী আমার নিজের।

আমি এদেশে এসেছিলাম স্টুডেন্ট ভিসা নিয়ে, এখানে লেখা পড়ার করার সময় দেখেছি আমার সাথে অনেক বন্ধু বান্ধব নানান ভাবে বিভিন্ন বদ অভ্যাসে জড়িয়ে শেষ পর্যন্ত দেশে ফেরত গিয়েছে। অথচ বাবা মা কতো কষ্ট করে দেশ থেকে টাকা পাঠায়। তখন থেকেই আমার ইচ্ছে জাগে এই নিয়ে কিছু একটা যদি করা যায়। এতো বছর পর সুযোগ হয় কিছু করার। আশা করি এই নাটকটি একটু হলেও সবার মনে নাড়া দেবে।

এই প্রকল্পটা আমি হাতে নেই চার মাস আগে। একমাস ধরে বিভিন্ন পত্রিকায় এড দিয়ে এবং পরিচিত অপরিচিতদের কাছে গিয়ে গিয়ে অভিনেতা অভিনেত্রী সিলেক্ট করি। বাস্তব জীবনে এদের কারো কোন অভিনয়ের অভিজ্ঞতা ছিলনা, তারপরেও আমার বিশ্বাস ছিলো এদেরকে দিয়েই হবে। দুই মাস রিয়ার্সেল করার পর আমরা ফাইনাল শুটিং এ যাই। আমাদের ফাইনাল শুটিং চলেছে এক মাসব্যাপি। শুটিং করতে গিয়ে বুঝেছি এখানে নাটক করা খুব সহজ ব্যাপার নয়, তারপরেও আমরা শেষ পর্যন্ত শেষ করতে পেরেছি। যাই হোক এই নাটকের পেছনে অনেকের অবদান রয়েছে। অবদান রয়েছে আমার স্ত্রীর যে আমাকে সব সময় সাহায্য করেছে সব ব্যাপারে এবং আমার সাথে কাজ করেছে সহকারি পরিচালক হিসেবে। অবদান রয়েছে আমাদের ক্যামেরা ম্যান কামাল ভাইয়ের, উনাকে আমি যখন যেখানে যেভাবে যেতে বলেছি উনি আমাদের সাথে ছুটে গিয়েছে এবং অবদান রয়েছে আমার প্রত্যেকটা অভিনেতা অভিনেত্রীর। ওরা আমাকে এই নাটকটা সুন্দর ভাবে শেষ করার জন্য যথেষ্ট সাহায্য করেছে। এমনও দিন গিয়েছে আমরা ভোর তিনটা পর্যন্ত শুটিং করেছি। এইযে সবার এই আন্তরিকতা এটা আমাকে যথেষ্ট উৎসাহ দিয়েছে নাটকটা সুন্দর ভাবে শেষ করার জন্য। এরকম একটা টিম নিয়ে কাজ করতে পেরে আমি খুব খুশি।

এখন আমাদের এডিটিংয়ের কাজ চলছে। আমি কয়েকটা টিভি চ্যানেলের সাথে কথা বলে রেখেছি। নভেম্বরে আমি বাংলাদেশে যাচ্ছি তখনই সব ফাইনাল করবো। তাছাড়া আমি তখন দেশেও একটা নাটক এর কাজে হাত দেবো, সেটা হবে ফেইসবুক আর মোবাইল ফোনের অপব্যহারের উপর। এটার স্ক্রীট দেশে পাঠিয়ে দিয়েছি, পারফরমার সিলেকশন চলছে। দুটো নাটকই আশা করি আপনারা পরপর টিভি চ্যানেলে দেখতে পারবেন এবং সিডি আকারে বাজারে পাবেন। আশা করি নাটক দুটো আপনারা ভালো লাগবে। এরপর একটা শর্ট ফিল্ম বানানোর ইচ্ছে আছে এবোর্জনিয়াল এবং বাংলাদেশের কালচারের উপর। আমি আপনারা সবার কাছে দোয়া প্রার্থী আমি যেন আমার কাজগুলো সফল ভাবে করতে পারি।

এহতেশামুল হক পিউ

১৯/৮/২০১০